# একনজরে বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ,বরিশাল

১। সংক্ষিপ্ত পরিচিতি:

বাংলাদেশে যে সকল কলেজগুলো (বি.পি.এড) ডিগ্রী প্রদান করছে, তাদের মধ্যে বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ,বরিশাল অন্যতম একটি প্রতিষ্ঠান। বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ ও ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন একটি শিক্ষা প্রতিষ্ঠান। যা ২০০৫ সালে স্থাপিত হয় এবং ২০০৯ সাল থেকে বি.পি.এড ডিগ্রী কোর্সটি চালু হয় ।

২। সৃষ্টির ইতিহাস ও সাল :

বাংলাদেশের বরিশাল অঞ্চলের যুব সমাজকে শিক্ষার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক বিকাশ, শৃঙ্খলা ও নেতৃত্ববোধ এবং সুস্থ ক্রীড়া চর্চার মাধ্যমে সুস্থ-সবল জাতি গঠনের লক্ষে কলেজটি প্রতিষ্ঠিত হয়। এছাড়াও দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক শিক্ষার শিক্ষক ও প্রশিক্ষক তৈরী করার উদ্দেশ্যে ২০০৫ সালে বরিশালে কলেজটি স্থাপিত হয়।

৩। কলেজের অবস্থান :

বরিশাল সরকারি শারীরিক শিক্ষা কলেজটি, বরিশাল জেলার, বরিশাল সদর উপজেলার নরকাঠি, সিংহেরকাঠী, বরিশালে অবস্থিত।

৪। সাংগঠনিক কাঠামো :

মোট জনবল : ২৪ জন

১ম শ্রেনী মোট ১১ টি পদ।

- অধ্যক্ষ ১ টি
- ,উপাধ্যক্ষ ১ টি
- প্রভাষক ৮ টি
- মেডিকেল অফিসার খন্ডকালীন ১ টি
- কর্মরত : ৮ জন.
- শূন্য পদ ২ টি

৩য় শ্রেনী

- ৪ টি পদ
- কর্মরত ৪ জন
- শুন্য পদ নাই

৪র্থ শ্রেনী

- ৯টি পদ (আউটসোর্সিং পদ্ধতিতে)
- কর্মরত ৯জন
- শুন্য পদ নাই

৫। অভিলক্ষ / মিশন :

খেলাধুলার মাধ্যমে দেশের যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয় হতে রক্ষা করা । খেলাধুলার প্রতি খেলোয়াড়দের আকৃষ্ট করতে দক্ষ শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে গড়ে তোলা।

৬। ভিশন /রূপকল্প :

বিপিএড কোর্সের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের উন্নত প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে গড়ে তোলা । যা দেশের প্রশিক্ষিত মানব সম্পদে পরিণত হবে।

৭। কার্যক্রম সমূহ ঃ

- ক্রীড়া ক্ষেত্রে উন্নতিকল্পে প্রশিক্ষন তৈরি করণ
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শারীরিক শিক্ষার শিক্ষকদের রিফ্রেসার্স কোর্সে প্রশিক্ষণ প্রদান
- ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন বিষয়ে শিক্ষাদান

৮। বাজেট বরাদ্দ ঃ

২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দ : ২,৫৩,৫৩,০০০ টাকা

৯। ছাত্র/ছাত্রীর সংখ্যা ঃ

২০২৩ শিক্ষাবর্ষে মোট ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা = ৪০ জন
(যাদের মধ্যে মোট ছাত্র ২৭ জন ও ছাত্রী ১৩ জন )

১০। গত ৩ বছরের রেজাল্ট :

| ক্রমিক নং | শিক্ষাবর্ষ | ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২০২০ | ৭৮ জন ছাত্র-ছাত্রী | ৭০ জন ছাত্র-ছাত্রী | |
| ২ | ২০২১ | ৮১ জন ছাত্র-ছাত্রী | ৫৩ জন ছাত্র-ছাত্রী | |
| ৩ | ২০২২ | ৪১ জন ছাত্র-ছাত্রী | ৪১ জন ছাত্র-ছাত্রী | |

১১। ভবন সম্পর্কিত তথ্য :

বর্তমান কলেজটিতে ৪ তলা বিশিষ্ট ০১ টি প্রশাসনিক ভবন, ২ তলা বিশিষ্ট ছাত্রাবাস ০১ টি, জিমন্যাসিয়াম ০১ টি, অধ্যক্ষের বাসভবন ০১ টি, ছাত্র ছাত্রীদের জন্য ২ তলা বিশিষ্ট ডাইনিং হল এবং ০১টি গাড়ির গেরেজ রয়েছে।

১২। বরিশাল সরকারি শারীরিক শিক্ষা কলেজের এপিএ সংক্রান্ত হালনাগাদ তথ্য :

১৩। চ্যালেঞ্জ সমূহ :
চ্যালেঞ্জসমূহ ঃ অবকাঠামো প্রয়োজন,ছাত্রীনিবাস,অফিসার কোয়াটার,স্টাফ কোয়াটার,বাস্কেটবল গ্রাউন্ড ও সুইমিংপুল। তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাসে সর্বাধিক গুরুত্বারোপ করে বিপিএড কোর্সে প্রশিক্ষণার্থীদের শিখণ ঘাটতি পূরণের লক্ষ্যে অধ্যক্ষ ও শিক্ষক মন্ডলীসহ প্রচেষ্টা অব্যাহত রাখা। পাশাপাশি বিপিএড কোর্সে ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদের শিক্ষার মান আধুনিক যুগোপযোগী ও প্রযুক্তি নির্ভর বিজ্ঞান সম্মত করা।

১৪। চ্যালেঞ্জের উত্তোরনের সম্ভাব্য সুপারিশ ঃ ছাত্রীনিবাস,অফিসার কোয়াটার,স্টাফ কোয়াটার ও সুইমিংপুল তৈরী ও প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি,স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০৪১ যথাযথ বাস্তবায়ন ও খেলাধুলার মাধ্যমে দেশের যুব সমাজকে অবক্ষয়ের হাত থেকে রক্ষা করা।